

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দেবহাটা, সাতক্ষীরা।

www.debhata.satkhira.gov.bd

৫ আগস্ট ২০২১ তারিখে স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি : তাছলিমা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
দেবহাটা, সাতক্ষীরা।
তারিখ : ৩১.০৮.২১ খ্রিঃ।
সময় : বেলা ১২:৩০ ঘটিকা।
স্থান : ভারুয়াল প্লাটফর্ম
উপস্থিতি : পরিশিষ্ট- ক


সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমেই তিনি স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বঙ্গবন্ধুর জ্যেষ্ঠপুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অতঃপর তিনি উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের ০৬ সেপ্টেম্বর ২০২০ তারিখের ০৪.০০০০.৪১৬.২৩.০০১.২০.৪৮৫ নং পরিপত্র অনুযায়ী আগামী ০৫ আগস্ট ২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকী “ক” শ্রেণীভুক্ত দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় দেশব্যাপী উদযাপন করা হবে। এ দিবসটি সফলভাবে আয়োজনের বিষয়ে তিনি সকলকে মতামত ও প্রস্তাব প্রদানের জন্য আহবান করেন। এ বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মসূচি সভায় উপস্থাপন করা হলে এর বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে (চলমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় নিয়ে) নিম্নে বর্ণিত কর্মসূচি পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। ০৫ আগস্ট, ২০২১ তারিখে শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে গৃহীত কর্মসূচী :

তারিখ	সময়	কর্মসূচি	স্থান	উপ-কমিটি/ব্যবস্থাপনা কমিটি
০৫-০৮-২১ বৃহস্পতি বার	সকাল ০৯:৩০ টা	শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ	উপজেলা পরিষদ চত্বর	সংশ্লিষ্ট সকল
	সকাল ১০:৩০ টা	শহীদ ক্যাপ্টেন শেখ কামালকে নিয়ে আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠান	ভারুয়াল প্লাটফর্ম Zoom Cloud ID 9696091182 Password 1234	সংশ্লিষ্ট সকল
		অনলাইনে “চিত্রাঙ্কন” প্রতিযোগিতা- বিষয়ঃ মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ ক- গ্রুপ ৩য় থেকে ৫ম শ্রেণি বিষয়ঃ গ্রামীণ খেলাধুলা খ- গ্রুপ ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি “রচনা” প্রতিযোগিতা- বিষয়ঃ ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনে বীর মুক্তিযোদ্ধা শেখ কামাল-৮০০ শব্দ ক- গ্রুপ ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি	স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান ০৪-০৮- ২১ তারিখ বেলা ১২:০০ টার মধ্যে ভারুয়াল প্লাটফর্মে গৃহীত চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার ফলাফল বিচারকমন্ডলীর নিকট জমা দিবে	চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার বিচারকমন্ডলী:(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ১. উপজেলা কৃষি অফিসার, দেবহাটা- আহবায়ক ২. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, দেবহাটা-সদস্য ৩. উপজেলা শিক্ষা অফিসার, দেবহাটা- সদস্য

		বিষয়:ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনে বীর মুক্তিযোদ্ধা শেখ কামাল-১০০০ শব্দ খ- গ্রুপ ৯ম থেকে ১২শ		
০৫-০৮-২১ বৃহস্পতি বার	বেলা ১২:০০ টা	চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ	উপজেলা পরিষদ মিলনায়তন	সংশ্লিষ্ট সকল
		চারা গাছ রোপণ	উপজেলা পরিষদ মিলনায়তন	উপজেলা সামাজিক বনায়ন কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা
০৫-০৮-২১ বৃহস্পতি বার	বাদ আছর ও সুবিধাজনক সময়ে	শহীদ ক্যাপ্টেন শেখ কামাল- এর রুহের মাগফিরাত কামনা করে মসজিদে বাদ আছর ও উপাসনালয়ে সুবিধা জনক সময়ে দোয়া/বিশেষ প্রার্থনা	মসজিদ/মন্দির ও অন্যান্য ধর্মীয় উপসনালয়	১.ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন ২. সভাপতি/সাধারণ সম্পাদক, পূজা উদযাপন কমিটি ও অন্যান্য

পরিশেষে সভাপতি দিবসের প্রতিটি কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং প্রতিটি কর্মসূচিতে সংশ্লিষ্ট সকলকে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের আহবান জানান। আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।



(তাহলিমা আক্তার)

আই ডি নং ১৭২১২

উপজেলা নির্বাহী অফিসার

দেবহাটা, সাতক্ষীরা।

ফোন + ০৪৭৩২ ৭২০০১

ই মেইল uno.debhata.@ mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৮৭২৫.০০১.১৬.০২০.২১-

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

০১. অধ্যাপক আলহাজ্ব ডা: আ. ফ. ম রহুল হক, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-৩
০২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪. জেলা প্রশাসক, সাতক্ষীরা।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
০৬. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
০৭. উপজেলা কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
০৮. চেয়ারম্যান ইউপি (সকল), দেবহাটা, সাতক্ষীরা।
০৯. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার কলেজ/ মাধ্যমিক বিদ্যালয়/ মাদ্রাসা/ সরঃ প্রাথমিক বিদ্যালয়, দেবহাটা।
১০. সভাপতি/ সম্পাদক..... দেবহাটা, সাতক্ষীরা।
১১. সভাপতি/ সম্পাদক, দেবহাটা প্রেস ক্লাব/ সাংবাদিক সমিতি/রিপোর্টার্স ক্লাব. দেবহাটা, সাতক্ষীরা।
১২. পরিচালক, সমন্বয়কারী..... এনজিও (সকল), দেবহাটা।
১৩. জনাব দেবহাটা, সাতক্ষীরা।

তারিখ : ৩১.০৭.২০২১ খ্রিঃ।